



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়  
পরশুরাম, ফেনী  
www.dpe.parshuram.feni.gov.bd



স্মারক নং- ৩০.০১.৩০৫১.০০০.৭৫.০০১.২০-১২০৮

তারিখঃ ২৭/১০/২০২০খ্রি.

বিষয়ঃ সহকারি শিক্ষকদের সম্মিলিত গ্রেডেশন তালিকা যাচাই প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে সহকারি শিক্ষকদের সম্মিলিত গ্রেডেশন তালিকা নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করে যাচাই এর অনুরোধ করা হলো। যাচাই এর পরে কোন অমিল পাওয়া গেলে প্রয়োজনীয় প্রমাণাদিসহ আগামী ০৫/১১/২০২০ খ্রিঃ অফিস চলাকালীন সময়ের মধ্যে কম্পিউটার কম্পোজ করে আবেদন করতে বলা হলো। গ্রেডেশন তালিকা অত্রাফিসের নোটিশ বোর্ড ও [www.dpe.parshuram.feni.gov.bd](http://www.dpe.parshuram.feni.gov.bd) এ প্রকাশ করা হয়েছে। নির্ধারিত তারিখের পরে কোন আবেদন গ্রহণ করা হবেনা।

নির্দেশনাসমূহঃ

১. নন ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী (জ্যেষ্ঠতা ও পদোন্নতি) বিধিমালা ২০১১ ও সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ বিধিমালা ২০১৯ এবং অধিগ্রহণকৃত বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক(চাকুরীর শর্তাদি নির্ধারণ) বিধিমালা ২০১৩ অনুসরণ করে গ্রেডেশন তালিকা প্রস্তুত করা হয়েছে।
২. একই বিজ্ঞপ্তিতে নিয়োগকৃতদের মধ্যে যিনি বয়সে বড় তিনি জ্যেষ্ঠতা অর্জন করেছেন।
৩. জাতীয়করণ শিক্ষকদের ০১/০১/১৩ হতে সরকারি চাকুরী বিবেচনায় জ্যেষ্ঠতা নির্ধারণ করা হয়েছে।
৪. পদোন্নতি গ্রহণে অনিচ্ছুক শিক্ষককে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পদোন্নতি গ্রহণে অনিচ্ছুক মর্মে আবেদন করতে হবে।
৫. উপজেলায় কর্মরত কোন শিক্ষকের নাম তালিকা হতে বাদ পড়লে নাম অন্তর্ভুক্তির আবেদন করতে হবে।
৬. কোন তথ্যগত অমিল থাকলে সংশোধনের আবেদন করতে হবে।
- ৭.

(ফাতেমা নাসরিন)

উপজেলা শিক্ষা অফিসার  
পরশুরাম, ফেনী

ফোনঃ ০৩৩২৪-৫৬১৫৬

Email: [ueoparsu@gmail.com](mailto:ueoparsu@gmail.com)

স্মারক নং- ৩০.০১.৩০৫১.০০০.৭৫.০০১.২০- ১২০৮/২৯৮

তারিখঃ ২৭/১০/২০২০খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-

- ১। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ফেনী।
- ২। প্রধান শিক্ষক সকল ও সহকারি শিক্ষক সকল, সরকারি প্রাথমিক বিদ্যালয়, পরশুরাম উপজেলা, ফেনী।
- ৩। অফিস কপি।

(ফাতেমা নাসরিন)

উপজেলা শিক্ষা অফিসার  
পরশুরাম, ফেনী

ফোনঃ ০৩৩২৪-৫৬১৫৬

Email: [ueoparsu@gmail.com](mailto:ueoparsu@gmail.com)